# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2014

SECOND YEAR

Date : 23/05/2014 HISTORY (Honours)

Time : 11 am – 3 pm Paper : IV Full Marks : 100

(প্রতিটি বিভাগের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার কর)

## বিভাগ - ক

১। যে কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও ঃ (৫ × ৬)

ক) লুথারের ৯৫-থিসিস কি?

খ) জন ক্যালভিন সম্পর্কে সংক্ষেপে টীকা লেখ।

গ) 'আদি শিল্পায়ন' (proto-industrialisation) বলতে কি বোঝ?

ঘ) লেভেলাররা গণতান্ত্রিক ধারণা সৃষ্টিতে কতটা সফল হয়েছিল?

ঙ) ওয়েস্টফেলিয়া শান্তিচুক্তির তাৎপর্য কি ছিল?

চ) রাষ্ট্র সম্পর্কে জন লকের ধারণা ব্যক্ত কর।

ছ) ইংল্যান্ডের গৌরবময় বিপ্লবের তাৎপর্য কি?

জ) কোপারনিকান বিপ্লব সম্পর্কে সংক্ষেপে টীকা লেখ।

২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ২০)

ক) প্রোটেস্ট্যান্ট আন্দোলনের একটি নতুন প্রবণতা হিসাবে অ্যানাব্যাপটিস্টদের সম্পর্কে আলোচনা কর। তুমি এই আন্দোলনে সমাজতান্ত্রিক ধারণাকে কিভাবে খুঁজে পাও। (১২ + ৮)

খ) 'মূল্য বিপ্লব' বলতে কি বোঝ? ষোড়শ শতকের ইউরোপীয় অর্থনীতির উপর এর প্রভাব কি ছিল। (১০ + ১০)

গ) ইংল্যান্ডের গৃহযুদ্ধকে একটি 'পিউরিটান' বিপ্লব বলা কতটা যুক্তিসঙ্গত হবে? (২০)

## বিভাগ - খ

৩। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ (৫ × ৬)

ক) প্রাক্ মেইজি জাপানে সামুরাই কাদের বলা হত?

খ) টেম্পো সংস্কার শোগুণতন্ত্রের ক্ষমতা বজায় রাখার ক্ষেত্রে কতটা সহায়ক হয়েছিল?

গ) জাপানে কমোডর পেরির অভিযানের তাৎপর্য ব্যাখ্যা কর।

ঘ) শিল্পের পরিপ্রেক্ষিতে জাপানের আধুনিকীকরণের বিকাশ চিহ্নিত কর।

ঙ) উনিশ শতকে জাপানের মন্দির বিদ্যালয়গুলির ভূমিকা কী ছিল?

চ) ১৯০৪-০৫ সালের রুশ-জাপান যুদ্ধের প্রতিক্রিয়া ব্যাখ্যা কর।

ছ) ওয়াশিংটন সম্মেলনের পটভূমি ব্যাখ্যা কর।

জ) কোন পরিস্থিতিতে জাপান পার্ল হারবার আক্রমণ করেছিল?

৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ২০)

ক) জাপানের নতুন সংবিধান রচনার রাজনৈতিক প্রেক্ষাপটটি আলোচনা কর। জাপানের এই নতুন সংবিধান কি গণতান্ত্রিক পরিবেশ গড়ে তুলতে সফল হয়েছিল? (১০ + ১০)

খ) মেইজি জাপানের শিল্পায়ন প্রক্রিয়ায় রাষ্ট্রের ভূমিকার মূল্যায়ন কর। (২০)

গ) চীন-জাপান যুদ্ধের (১৮৯৪ -৯৫) প্রেক্ষাপটটি আলোচনা কর। শিমোনোসেকির চুক্তির গুরুত্ব কী ছিল? (১৫ + ৫)